**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05–10–2023**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী প্রফেসর ডা: মানিক সাহা বলেছেন, গ্রামীন এলাকায় উন্নত স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণে অগ্রাধিকার দিয়েছে ।**

**(২) জল জীবন মিশনে রাজ্যের গ্রামীণ এলাকায় এখন পর্যন্ত ৫ লক্ষ ১৫ হাজার ২৫০টি বাড়িতে পাইপ লাইনে পানীয় জলের সংযোগ পৌঁছে দেওয়া হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ রাজস্থানের যোধপুরে বিভিন্ন ক্ষেত্রে পাঁচ হাজার কোটি টাকারও বেশী একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং দেশকে উৎসর্গ করেছেন।**

**(৪) অনূর্ধ্ব–১৭ বছরের জাতীয় জুনিয়র মেয়েদের ফুটবলে জয় দিয়ে ত্রিপুরা অভিযান শুরু করলো।**

**********************************

**CM-Kalyanpur :**

মুখ্যমন্ত্রী প্রফেসর ডা: মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির স্বপ্ন স্বাস্থ্য পরিষেবাকে প্রান্তিক জনপদের মানুষের কাছে

পৌঁছে দেওয়া। প্রধানমন্ত্রীর স্বপ্নকে বাস্তবায়িত করতেই রাজ্য সরকার গ্রামীণ এলাকায় উন্নত স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণে অগ্রাধিকার দিয়েছে। আজ কল্যাণপুর কমিউনিটি স্বাস্থ্যকেন্দ্রে ব্লক পাবলিক হেলথ ইউনিটের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা: মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী আজ তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে অপারেশন থিয়েটারেরও উদ্বোধন করেন। কল্যাণপুর কমিউনিটি স্বাস্থ্যকেন্দ্রে ব্লক পাবলিক হেলথ ইউনিট নির্মাণে ব্যয় হয়েছে ২২ লক্ষ ১৭ হাজার ২৯৫ টাকা।

কল্যাণপুরে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, গ্রামীণ এলাকার মানুষের কাছে সহজে চিকিৎসা পরিষেবার সুযোগ পৌঁছে দিতে বর্তমান সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। ব্লক পাবলিক হেলথ ইউনিট স্থাপনের মূল লক্ষ্যই হচ্ছে প্রান্তিক জনপদের মানুষের কাছে চিকিৎসার সুযোগ পৌঁছে দেওয়া।

উদ্বোধনী অনুষ্ঠানগুলিতে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, বিধানসভার সরকারি মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী রায়, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, খোয়াই জিলা পরিষদের সহকারি সভাধিপতি হরিশংকর পাল, স্বাস্থ্য অধিকর্তা ডা. সুপ্রিয় মল্লিক, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা ডা. অঞ্জন দাস, খোয়াই জেলার জেলাশাসক ও সমাহর্তা চাঁদনী চন্দ্রন, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক অভিজিৎ চক্রবর্তী প্রমুখ।

************************

**JJM in State :**

জল জীবন মিশনে রাজ্যের গ্রামীণ এলাকায় এখন পর্যন্ত ৫ লক্ষ ১৫ হাজার ২৫০টি বাড়িতে পাইপ লাইনে পানীয় জলের সংযোগ পৌঁছে দেওয়া হয়েছে। এই মিশনে রাজ্যের গ্রামীণ এলাকায় গত পয়লা সেপ্টেম্বর থেকে ২৪শে সেপ্টেম্বর পর্যন্ত ৮ হাজার ৫২৪টি বাড়িতে পাইপ লাইনে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। এর মধ্যে উত্তর ত্রিপুরা জেলায় ৩০২টি, ঊনকোটি জেলায় ৫১৫টি, ধলাই জেলায় ১,০৩৪টি, খোয়াই জেলায় ৪৭৬টি, পশ্চিম ত্রিপুরা জেলায় ১,৩১০টি, সিপাহীজলা জেলায় ১,৮৮৯টি, গোমতী জেলায় ১,৭৭০টি ও দক্ষিণ ত্রিপুরা জেলায় ১,২২৮টি বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। পানীয় জল ও স্বাস্থ্যবিধান দপ্তর থেকে এ সংবাদ জানানো হয়েছে।

**********************

**Fishary Minister :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্যে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য দপ্তর বহুমুখী কর্মসূচি গ্রহণ করেছে। মৎস্যচাষিদের সার্বিক কল্যাণে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের গৃহীত পরিকল্পনাগুলি সঠিকভাবে বাস্তবায়ণের ফলে সাফল্য আসছে। আজ গোর্খাবস্তিস্থিত মৎস্য দপ্তরের কনফারেন্স হলে মৎস্য দপ্তরের রাজ্যভিত্তিক পর্যালোচনা সভায় মৎস্যমন্ত্রী সুধাংশু দাস একথা বলেন।

পর্যালোচনা সভায় মৎস্যমন্ত্রী বলেন, সরকারি জলাশয় ও হ্যাচারীগুলিতে অধিক মৎস্যচাষের উপর গুরুত্ব দিতে হবে। মৎস্যচাষিদের উৎসাহিত করতে নলেজ সেন্টারগুলিকে কাজে লাগতে হবে। তিনি দপ্তরের আধিকারিকদের দুর্গোৎসবের দশমীর

দিন রাজ্যের মানুষ মৎস্য দপ্তরের কাউন্টার থেকে কম দামে যাতে ভাল মাছ ক্রয় করতে পারেন এজন্য উদ্যোগ নিতে হবে।

পর্যালোচনা সভায় মৎস্য দপ্তরের অধিকর্তা মোসলেমউদ্দীন আহমেদ জানান, ২০২৩-২৪ অর্থবছরে প্রধানমন্ত্রী মংসা সম্পদ যোজনায় রাজ্যে মাছ চাষ ও পরিকাঠামো উন্নয়নে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৪৩ কোটি ২৯ লক্ষ ৬৫ হাজার টাকার মঞ্জুরী পাওয়া গেছে। পর্যালোচনা সভায় মৎস্য দপ্তরের প্রধান সচিব বি এস মিশ্রা, অধিকর্তা মোসলেমউদ্দীন আহমেদ, ভারপ্রাপ্ত যুগ্ম অধিকর্তা সুভাষ সিং জমাতিয়া, বিভিন্ন জেলা ও মহকুমার মৎস্য তত্ত্বাবধায়কাণ, মৎস্য সম্প্রসারণ আধিকারিকগণ, প্রকৌশলীগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*************************

**Cooparetive Minister :**

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেছেন, গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার ক্ষেত্রে সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। রাজ্যের গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে বর্তমান সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। আজ পানিসাগরে সমবায় দপ্তরের সহ নিয়ামকের কার্যালয়ের উদ্বোধন করে তিনি একথা বলেন। এ উপলক্ষে পানিসাগর টাউনহলে আয়োজিত অনুষ্ঠানে সমবায়মন্ত্রী বলেন, বর্তমান রাজ্য সরকার গঠিত হওয়ার পর থেকে রাজ্যের বিভিন্ন ল্যাম্পস ও প্যাক্সগুলিকে পুনরুজ্জীবিত করা হচ্ছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি ভবতোষ দাস, বিধায়ক বিনয়ভূষণ দাস,

পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন সমবায় নিয়ামক এস মগ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পানিসাগর প্যাক্স লিমিটেডের সহ সভাপতি শ্রীবাস চন্দ্র দেবনাথ।

****************************

**Puja Meeting :**

আসন্ন দূর্গাপূজায় শান্তি-শৃঙ্খলা রক্ষার লক্ষ্যে সিপাহীজলা আরক্ষা প্রশাসনের উদ্যোগে আজ যাত্রাপুর থানায় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র চৌধুরী, মহকুমা পুলিশ আধিকারিক শশীমোহন দেববর্মা প্রমুখ। সিপাহীজলা জেলায় ৫২টি পুজো উদ্যোক্তা কমিটির কর্মকর্তারাও এই বৈঠকে উপস্থিত ছিলেন।

***************************

**Neermahal Festival :**

মেলাঘরের রাজঘাটে আগামীকাল থেকে ঐতিহ্যবাহী নীরমহল জল উৎসব শুরু হচ্ছে। পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বিকেল ৪টায় রুদ্রসাগরের পাড়ে রাজঘাটের মুক্তমঞ্চে ৩দিন ব্যাপী এই উৎসবের সূচনা করবেন। তারই চূড়ান্ত প্রস্তুতি এখন চলছে গোটা রাজঘাট জুড়ে। নৌকা বাইচ প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য জলজীবী অংশের মানুষেরা তাদের নৌকাগুলি সারাই করার কাজে ব্যস্ত। মেলা কমিটির চেয়ারম্যান বিধায়ক কিশোর বর্মন জানিয়েছেন প্রতিবছরের মতো প্রতিদিন সন্ধ্যায় রাজ্যের খ্যাতনামা শিল্পীদের পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও থাকবে মনসামঙ্গল, দূরপাল্লার সাঁতার ও বিভিন্ন বিভাগের নৌকা বাইক

প্রতিযোগিতা। মুখ্যমন্ত্রী প্রফেসর ডক্টর মানিক সাহা উৎসবের শেষদিন নৌকা বাইচ প্রতিযোগিতার উদ্বোধন করবেন।

**************************

**PM, Jodhpur :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ রাজস্থানের যোধপুরে বিভিন্ন ক্ষেত্রে পাঁচ হাজার কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং দেশকে উৎসর্গ করেছেন।

প্রধানমন্ত্রী যোধপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসে ৩৫০শয্যার ট্রমা সেন্টার এবং ক্রিটিক্যাল কেয়ার হসপিটাল ব্লক, প্রধানমন্ত্রী আয়ুষ্মান ভারত স্বাস্থ্য পরিকাঠামো মিশনের আওতায় সাতটি ক্রিটিক্যাল কেয়ার ব্লকের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি যোধপুর বিমানবন্দরে ৪৮০কোটি টাকা মূল্যের অত্যাধুনিক নতুন টার্মিনাল ভবনের উন্নয়ন কাজের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন।

তিনি আইআইটি যোধপুর ক্যাম্পাস এবং রাজস্থান কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উন্নত পরিকাঠামো দেশকে উৎসর্গ করেছেন।

তিনি একাধিক সড়ক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন এবং দুটি রেল প্রকল্প উৎসর্গ করেছেন। প্রধানমন্ত্রী রাজস্থানে একটি নতুন ট্রেন সহ দুটি নতুন ট্রেন পরিষেবার সূচনা করেছেন।

সমাবেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন যে রাজস্থান এমন একটি রাজ্য যেখানে দেশের বীরত্ব, সমৃদ্ধি এবং সংস্কৃতিতে প্রাচীন ভারতের গৌরব দৃশ্যমান। তিনি ভারতকে একটি উন্নত জাতি হিসাবে গড়ে তোলার জন্য সরকারের প্রচেষ্টার কথা তুলে

ধরেন। প্রধানমন্ত্রী আজ মধ্যপদেশেরও ১২ হাজার ৬০০ কোটি টাকার বেশ কিসু প্রকল্পেরও শিলান্যাস ও উদ্বোধন করেন।

****************************

**Sikim :**

ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয়ের মুখে উত্তর সিকিম। গতকালের মেঘভাঙা বৃষ্টি ও আকস্মিক বন্যায় এখন পর্যন্ত অন্তত ১৪ জনের মৃত্যু হয়েছে। সরকারি সূত্রে জানা গেছে, এখনও ২২ জন সেনা জওয়ান-সহ অন্তত ১২০ জন নিখোঁজ রয়েছেন। নিখোঁজ ২৩ জন জওয়ানের মধ্যে এখনও পর্যন্ত এক জন জওয়ানকে উদ্ধার করা সম্ভব হয়েছে। ওই জওয়ানের শারীরিক অবস্থা আপাতত স্থিতিশীল বলে সেনা সূত্রে খবর।

সিকিম থেকে আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন তিস্তায় হড়পা বানের জেরে মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে পাকিয়ং, গ্যাংটক, নামচি এবং মঙ্গন জেলা। ভেসে গিয়েছে বহু সেতু। জলমগ্ন বাড়িঘর। কিছু জায়গায় জলের তোড়ে সম্পূর্ণ ভাবে ভেঙে পড়েছে বড় বড় দালান বাড়ি। কাদাস্রোতের নীচে চাপা পড়ে রয়েছে বহু বসতি, রাস্তাঘাট, সেনাছাউনি। আগামী ৮ অক্টোবর পর্যন্ত পাকিয়ং, গ্যাংটক, নামচি এবং মঙ্গনের সমস্ত স্কুল বন্ধ করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, মঙ্গন জেলার চুংথাং এলাকায় সিকিমের সব থেকে বড় জলবিদ্যুৎ প্রকল্পের ব্যাপক ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন জলবিদ্যুৎ প্রকল্পের এক্সিকিউটিভ চেয়ারম্যান সুনীল সারাওগি।

ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স ফোর্স (এনডিআরএফ) ইতিমধ্যেই সিকিমে তিনটি দল পাঠিয়েছে এবং গুয়াহাটি ও পাটনায়

অতিরিক্ত দল প্রস্তুত রাখা হয়েছে। উদ্ধার ও পুনরুদ্ধার প্রচেষ্টায় রাজ্যকে সহায়তা করার জন্য সেনাবাহিনী ও বিমান বাহিনীর পর্যাপ্ত সংখ্যক দল এবং সামগ্রী মজুত করা হচ্ছে।

এদিকে, তিস্তা নদীতে প্রবল জলস্ফীতি ফলে দার্জিলিং, কালিম্পং জলপাইগুড়ি, আলিপুর দুয়ারে, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর ও কোচবিহারে বন্যা পরিস্থিতির ক্রমশ অবনতি হচ্ছে।

*******************************

**Anti Drugs Awareness Campaign :**

জাতীয় সেবা প্রকল্পের উদ্যোগেও পুলিশ প্রশাসনের সহযোগিতায় আজ বিলোনীয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে মাদক বিরোধী সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় দক্ষিন জেলার অতিরিক্ত পুলিশ সুপার মিহির লাল দাস, মহকুমা পুলিশ আধিকারিক অভিজিত দাস ও কলেজের অধ্যক্ষ ড. মনোরঞ্জন দাস প্রমুখ বক্তব্য রাখেন। নেশাগ্রস্তদের পুনরায় সুস্থ সামাজিক জীবনে ফিরিয়ে আনতে সমাজের শুভ বুদ্ধিসম্পন্ন যুব সমাজকেই এগিয়ে আসার আহ্বান জানান পুলিশ আধিকারিকরা।

**************************

**NCC :**

এন.সি.সি’র ১৩নং ব্যাটালিয়নের ১০ দিনব্যাপী বার্ষিক প্রশিক্ষণ শিবির আজ থেকে আগরতলায় এন.এস.আর.সি.সি’তে শুরু হয়েছে। প্রশিক্ষণ শিবিরে ১০টি কলেজ ও ৩০টি স্কুলের মোট ৪০০ জন ক্যাডেট অংশগ্রহণ করেন।

*************************

**Sanyam 4.0 :**

রাজধানীর উমাকান্ত স্কুলে ইন্ডিয়ান ফার্মাসিস্ট এসোসিয়েশন-ত্রিপুরা রাজ্য শাখা'র উদ্যোগে আয়োজিত ড্রাগ সচেতনতা শিবির "সংযম-4.0" আজ অনুষ্ঠিত হয়েছে। এই সচেতনতা শিবিরের মুখ্য উদ্দেশ্য হল ১৫ থেকে ২০ বছর বয়সী কিশোর-কিশোরী স্কুল পড়ুয়া ছাত্র ছাত্রীদের মধ্যে মাদকাসক্তির ভয়ংকর দিকগুলো তুলে ধরা। সমাজের প্রতিটা ব্যক্তি এই বিষয়ে যাতে সচেতন হয় এবং মানসিক স্বাস্থ্য এবং যোগ কিভাবে আত্ম নিয়ন্ত্রন করতে শেখায় এই বিষয়ে আলোকপাত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা, ইন্ডিয়ান ফার্মাসিস্ট এসোসিয়েশন-ত্রিপুরা রাজ্য শাখা'র সভাপতি দিবাস চন্দ্র দাস, উমাকান্ত স্কুলের প্রধান শিক্ষক সহ স্কুলের ছাত্ররা।

***************************

**Awarness Belonia** :

আজ বিলোনিয়া মহকুমা হাসপাতালে রাষ্ট্রীয় শিশু স্বাস্থ্য কর্মসূচি বিষয়ক এক সচেতনতা ও মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় জন্ম থেকে হাত পা বাঁকা, জিহ্বার তালু কাটা, হৃদযন্ত্রে ফুটো থাকা শিশুদের চিকিৎসার বিষয়ে আলোচনা করেন বিশেষজ্ঞরা। সভায় বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ, দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: সুব্রত দাস, মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা: বিমল কলই উপস্থিত ছিলেন। প্রমুখ।

****************************

**National Football :**

অনূর্ধ্ব-১৭ বছরের জাতীয় জুনিয়র মেয়েদের ফুটবলে জয় দিয়ে ত্রিপুরা অভিযান শুরু করলো। ৩-০ গোলে হারালো চন্ডিগড়কে। রাজস্থানের ওমেদ স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে আজ রাজ্যদলের পক্ষে শ্রেয়া দেব, কেয়া দেববর্মা ও মেরিনা জমাতিয়া তিনটি গোল করে। আগামী শনিবার ত্রিপুরার দ্বিতীয় প্রতিপক্ষ অন্ধ্রপ্রদেশ।

************************

**Jolaibari Football :**

জোলাইবাড়ি ফুটবল এসোসিয়েশন আয়োজিত শ্যামাপ্রসাদ মুখার্জী স্মৃতি নক আউট ফুটবল টুর্নামেন্টে তৃতীয় দল হিসাবে সেমি ফাইনালে উঠলো বনকুল ফুটবল একাদশ। আজ জোলাইবাড়ি দ্বাদশ স্কুল মাঠে আসরের তৃতীয় কোয়াটার ফাইনাল ম্যাচে পূর্ব পিলাক ফুটবল একাদশকে ৩-২ গোলে হারায় বনকুল ফুটবল একাদশ। খেলার প্রথমার্ধে পাইসা মগ ও শম্ভু চাকমার গোলে ২-০ গোলে এগিয়ে থাকে বিজয়ী দল। দ্বিতীয়ার্ধে পূর্ব পিলাকের বীরু ত্রিপুরা ও মোইয়া মগ গোল করে সমতা ফেরান ম্যাচে। শেষ মুহূর্তে কান্তা মগের গোলে সেমিফাইনালের ছাড়পত্র আদায় করতে সক্ষম হয় বিজয়ী দল।

****************************

**Super League :**

টিএফএ পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতার সুপার ফোরের তৃতীয় খেলায় আগামীকাল রামকৃষ্ণ ক্লাব ও ফরোয়ার্ড ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকাল তিনটায় এই ম্যাচটি হবে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ত্রিশ ডিগ্রি এবং সর্বনিম্ন পচিশ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল আঠাশ দশমিক তিন ডিগ্রি এবং সর্বনিম্ন চব্বিশ  দশমিক আট ডিগ্রি সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলার বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। উত্তর, পশ্চিম, খোয়াই এবং সিপাহিজলা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করা হয়েছে।

***************************